

মেধাবী ছাত্রদের মাঝে শেলের বৃত্তি প্রদান

শেল বাংলাদেশ এগ্রাগ্রোরেশন এক ডেভেলপমেন্ট বিডি (এসবিইডি) সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্রী নূর-ই-তামান্নাকে বৃত্তি প্রদান করেছে। প্রথম বর্ষের ছাত্রী তামান্না বর্তমানে ইংরেজি সাহিত্যে চার বছর মেয়াদি আভার গ্যাজুয়েট কোর্সে অধ্যয়নরত।

ওলশান ইনার হুইল ক্লাব তামান্নাকে সহায়তা করার জন্য এসবিইডিকে অনুরোধ জানায়; কারণ সে একজন যোগ্য প্রার্থী এবং তার পড়াশোনা অব্যাহত রাখা প্রয়োজন। তামান্নার বৃত্তির বিষয়টি একটি অনন্য ঘটনা। এরমাঝে এসবিইডির অন্যান্য বৃত্তির কোনো সম্পর্ক নেই। তামান্না তার মেধা অর্থনৈতিক অবস্থা এবং পড়াশোনার প্রতি তার আগ্রহের কারণেই এই বৃত্তি লাভ করেছে। পড়াশোনা তার বার্ষিক ফলাফলের ওপরই এই বৃত্তি অব্যাহত থাকা নির্ভর করে।

এ মাসের ২৩ তারিখ এসবিইডির ব্যবস্থাপনা পরিচালক মিঃ স্টেওয়ার্ড ব্রাউনের কার্যালয়ে তামান্নাকে এই বৃত্তি হস্তান্তর করা হয়। এ সময় ওলশান ইনার হুইল ক্লাবের সভাপতি মিঃ মনসুর ও সম্পাদক সৈয়দা সৌদিয়া উপস্থিত ছিলেন। ইনার হুইল হাусে রোটারির সহযোগী একটি প্রতিষ্ঠান। বিজ্ঞাপন।